

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৮, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ ভাদ্র ১৪১৭ বঙ্গাব্দ/ ৮ সেপ্টেম্বর ২০১০ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ৩১৬-আইন/২০১০।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিরূপণ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা বস্ত্র পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থি কিছু না থাকিলে এই বিধিমালায়,—

- (ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন ;
- (খ) “ডিগ্রী বা সার্টিফিকেট” অর্থ, ক্ষেত্রমত, স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী বা সার্টিফিকেট এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী বা সার্টিফিকেট ;
- (গ) “তফসিল” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;
- (ঘ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(৮৫৮৭)

মূল্য : টাকা ১০.০০

- (ঙ) “পদ” অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;
- (চ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা ;
- (ছ) “শিক্ষানবিস” অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;
- (জ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃত বোর্ড” অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ।

৩। নিয়োগ পদ্ধতি ৪—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নি-বর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে ৪—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ; এবং
- (খ) পদোন্নতির মাধ্যমে ।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃ সীমার মধ্যে না হয় ।

৪। সরাসরি নিয়োগ ৪—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না ।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না ;

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের একজন স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ;
- (খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন, অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যে ব্যক্তি বাংলাদেশের নাগরিক নহেন ।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

- (ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগত ভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

৬। শিক্ষানবিসি।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসির চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

- (ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং
- (খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—
- (অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং
- (আ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসিকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। রহিতকরণ ও হেফাজত।—(১) এই বিধিমালা প্রবর্তনের সঙ্গে সঙ্গে Department of Textiles (Non-Gazetted Posts) Recruitment Rules, 1979 এবং Gazetted Officers (Department of Textiles) Recruitment Rules, 1979 রহিত হইবে।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও এই বিধিমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে রহিতকৃত বিধিমালার অধীন কোন কার্য অথবা কার্যধারা নিষ্পত্তাধীন থাকিলে, উক্ত কার্য বা কার্যধারা উক্ত রহিতকৃত বিধিমালার বিধান অনুসারে এইরূপে নিষ্পত্তি করিতে হইবে, যেন এই বিধিমালা প্রবর্তিত হয় নাই।

তফসিল

ক্র. নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগের পদ্ধতি	যোগ্যতা
১	২	৩	৪	৫
১।	পরিচালক	-	পদোন্নতির মাধ্যমে অথবা সরকার কর্তৃক বদলী/প্রেষণে নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে :</p> <p>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য স্নাতক ডিগ্রীসহ উপ-পরিচালক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী এবং ১ম শ্রেণীর কর্মকর্তা হিসেবে অন্যান্য ১২(বার) বৎসরের চাকুরী।</p> <p>বদলী/প্রেষণে নিয়োগের ক্ষেত্রে :</p> <p>সরকারের উপ-সচিব পদ মর্যাদার কর্মকর্তা।</p>
২।	অধ্যক্ষ	৪৫ বৎসর।	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে :</p> <p>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে স্নাতক ডিগ্রীসহ উপ-পরিচালক, চীফ ইনস্ট্রাক্টর বা সুপারিনটেনডেন্ট পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী এবং ১ম শ্রেণীর কর্মকর্তা হিসাবে ১২ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা সম্পন্ন জ্যেষ্ঠ কর্মকর্তা।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে—</p> <p>(ক) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে পি,এইচ,ডিসহ ৭ বৎসরের চাকুরী; অথবা</p>

১	২	৩	৪	৫
				(খ) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ ১০ বৎসরের চাকুরী। অথবা (গ) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ১২ বৎসরের চাকুরী।
৩।	উপ-পরিচালক (কারিগরী)	৩৫ বৎসর।	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : সহকারী পরিচালক (কারিগরী) পদে ৭ বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে অন্যান্য তাত্ক্ষণিক ডিগ্রীসহ অন্যান্য ৭ (সাত) বৎসরের চাকুরী।
৪।	উপ-পরিচালক (প্রশাসন)	-	পদোন্নতির মাধ্যমে	সহকারী পরিচালক (প্রশাসন) বা সমন্বয়কারী পদে অন্যান্য ৭ (সাত) বৎসরের চাকুরী।
৫।	উপ-পরিচালক (জরীপ ও পরিসংখ্যান)	৩৫ বৎসর।	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : সহকারী পরিচালক (জরীপ), পরিসংখ্যান কর্মকর্তা এবং ইনস্ট্রাক্টর (নন টেকনিক্যাল বিজ্ঞান) পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যান্য ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান অথবা গণিতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং স্নাতকোত্তর ডিগ্রী।

১	২	৩	৪	৫
৬।	চীফ ইনস্ট্রাক্টর	৩৫ বৎসর।	(ক) ৪০% পদোন্নতির মাধ্যমে। (খ) ৬০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : ইনস্ট্রাক্টর (টেকনিক্যাল) পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে- (ক) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজী বিষয়ে পি,এইচ,ডিসহ অন্যান্য ২(দুই) বৎসরের চাকুরী। (খ) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/টেকনোলজী বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যান্য ৫বৎসরের চাকুরী; অথবা (গ) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/টেকনোলজী বিষয়ে স্নাতক ডিগ্রীসহ অন্যান্য ৭ বৎসরের চাকুরী।
৭।	সুপারিনটেনডেন্ট	৩৫ বৎসর।	(ক) ৪০% পদোন্নতির মাধ্যমে। (খ) ৬০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : ইনস্ট্রাক্টর (টেকনিক্যাল) পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল টেকনোলজীতে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরী অথবা কোন সরকারি বা আধাসরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত বা বস্ত্র দপ্তরের অব্যাহতি প্রাপ্তদের ক্ষেত্রে ডিপ্লোমা-ইন- টেক্সটাইল টেকনোলজী, জুট টেকনোলজী, টেক্সটাইল কমিসিট্রসহ ১ম শ্রেণীর চাকুরীতে ৫(পাঁচ) বৎসরের চাকুরী।

১	২	৩	৪	৫
৮।	সহকারী পরিচালক (কারিগরী)।	৩০ বৎসর।	(ক) ৪০% পদোন্নতির মাধ্যমে। (খ) ৬০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : ইন্সট্রাক্টর (ডিটিআই)/ জুনিয়র ইন্সট্রাক্টর (টেকনিক্যাল)/ইস্পেক্টর পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজী বিষয়োতক ডিগ্রী।
৯।	সহকারী পরিচালক (প্রশাসন)।	৩০ বৎসর।	ক) ৩৩% পদোন্নতির মাধ্যমে। খ) ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী না থাকিলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ডিগ্রীসহ প্রধান সহকারী, সাঁট লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, হিসাবরক্ষক বা উচ্চমান সহকারী পদে অন্যান্য ১৫ (পনের) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণীস্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীস্নাতকোত্তর ডিগ্রী।
১০।	সহকারী পরিচালক (জরীপ)	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, পদার্থ, গণিত, কম্পিউটার বিজ্ঞান বা ইঞ্জিনিয়ারিং ১ম শ্রেণী স্নাতকোত্তর ডিগ্রী অথবা উক্ত বিষয়ে দ্বিতীয় শ্রেণীস্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।

১	২	৩	৪	৫
১১।	পরিসংখ্যান কর্মকর্তা	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, পদার্থ, গণিত, কম্পিউটার বিজ্ঞান বা ইঞ্জিনিয়ারিংএ ১ম শ্রেণীসম্মানসহ ডিগ্রী অথবা উক্ত বিষয়ে দ্বিতীয় শ্রেণীসম্মানসহ দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ ডিগ্রী।
১২।	সমন্বয়কারী	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণীসম্মানসহ ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীসম্মানসহ দ্বিতীয় শ্রেণীসম্মানসহ ডিগ্রী।
১৩।	ইনস্ট্রাক্টর (টেকনিক্যাল)	৩০ বৎসর।	(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে। (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : ইনস্ট্রাক্টর (ডি,টি,আই) ও জুনিয়র ইনস্ট্রাক্টর (কারিগরী) পদে অন্যান্য ৭ (সাত) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রী।
১৪।	ইনস্ট্রাক্টর (নন- টেকনিক্যাল) (বিজ্ঞান)	৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-টেকনিক্যাল) ও সহকারী শিক্ষক (বিজ্ঞান) পদে অন্যান্য ৭(সাত) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ, গণিত, রসায়ন বিভাগে প্রথম শ্রেণীসম্মানসহ ডিগ্রী অথবা উক্ত বিষয়ে দ্বিতীয় শ্রেণীসম্মানসহ দ্বিতীয় শ্রেণীসম্মানসহ ডিগ্রী। স্নাতকোত্তর ডিগ্রীধারীদের ক্ষেত্রে স্নাতক অথবা স্নাতক সম্মানে সহযোগী বিষয় হিসাবে পদার্থ, গণিত, রসায়ন এর মধ্যে যে কোন দুইটি বিষয় থাকিতে হইবে।

১	২	৩	৪	৫
১৫।	ইনস্ট্রাক্টর (নন-টেকনিক্যাল) (কলা)	৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে : সহকারী শিক্ষক (ভাষা) পদে অনূ্যন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সাবসিডিয়ারী বিষয় ইংরেজী বা বাংলাসহ সামাজিক বিজ্ঞান বা কলা অনুষদে প্রথম শ্রেণীর প্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর প্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর প্নাতকোত্তর ডিগ্রী।</p>
১৬।	ইনস্ট্রাক্টর (ডিটিআই)	৩০ বৎসর।	<p>(ক) ২৫% পদোন্নতির মাধ্যমে।</p> <p>(খ) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>	<p>পদোন্নতির ক্ষেত্রে : ইন্সপেক্টর পদে ৪ বছরের চাকুরী।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন কোন স্বীকৃত টেক্সটাইল ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে প্রথম শ্রেণীর ডিপ্লোমা অথবা ৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ ২য় শ্রেণীর টেক্সটাইল ডিপ্লোমা।</p>
১৭।	সহকারী শিক্ষক (ভাষা)	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী এবং শিক্ষায় (বি এড) ২য় শ্রেণীর ডিগ্রী বা ডিপ্লোমা। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট ব্ল্যাতক পর্যায়ের যে কোন একটিতে ২য় বিভাগ বা শ্রেণী, অথবা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণীর প্নাতকোত্তর ডিগ্রী। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট ব্ল্যাতক পর্যায়ের যে কোন ১টিতে ২য় শ্রেণী বা বিভাগ। তবে এই জাতীয় শিক্ষক বা শিক্ষিকাকে নিয়োগ প্রাপ্ত হওয়ার ৫ (পাঁচ) বছরের মধ্যে শিক্ষায় (বিএড) এ ২য় শ্রেণীর ডিগ্রী বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে।</p>

১	২	৩	৪	৫
১৮।	সহকারী শিক্ষক (বিজ্ঞান)	৩০ বৎসর।	৫০% পদোন্নতির মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী এবং শিক্ষায় (বি এড) ২য় শ্রেণীর ডিগ্রী বা ডিপ্লোমা। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা স্নাতক পর্যায়ে যে কোন একটিতে ২য় বিভাগ বা শ্রেণী, অথবা সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা স্নাতক পর্যায়ে যে কোন ১টিতে ২য় বিভাগ। তবে এই জাতীয় শিক্ষক বা শিক্ষিকাকে নিয়োগ প্রাপ্ত হওয়ার ৫ (পাঁচ) বছরের মধ্যে শিক্ষায় (বিএড) এ ২য় শ্রেণীর ডিগ্রী বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে।
১৯।	জুনিয়র ইনস্ট্রাক্টর (টেকনিক্যাল)	৩০ বৎসর।	ক) ৫০% পদোন্নতির মাধ্যমে খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : এ্যাসিস্টেন্ট ইনস্ট্রাক্টর, সুপারভাইজার ও সহকারী প্রশিক্ষক পদে ৭(সাত) বছরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন অনুমোদিত টেক্সটাইল ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে প্রথম শ্রেণীর ডিপ্লোমাদারী অথবা ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ২য় শ্রেণীর টেক্সটাইল ডিপ্লোমা।
২০।	জুনিয়র ইনস্ট্রাক্টর (নন- টেকনিক্যাল)	অনূর্ধ্ব ৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ, রসায়ন বা গণিতসহ বিজ্ঞান বিভাগে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী স্নাতক অথবা স্নাতক সম্মানে সহযোগী বিষয় হিসাবে পদার্থ, রসায়ন ও গণিত এর মধ্যে যে কোন ২ টি বিষয় থাকিতে হইবে এবং মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা স্নাতক এর যে কোন একটিতে ১ম বিভাগ বা শ্রেণী থাকিতে হইবে।

১	২	৩	৪	৫
২১।	ইন্সপেক্টর	৩০ বৎসর।	(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে। (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : টেইলার মাস্টার পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত টেক্সটাইল ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে ডিপ্লোমা।
২২।	সুপারভাইজার	৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : হেলপার বা স্কীল্ড অপারেটর ও টেকনিক্যাল এ্যাসিসটেন্ট পদে অন্যান্য ৫(পাঁচ) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত টেক্সটাইল ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে ডিপ্লোমা পাশ।
২৩।	সহকারী প্রশিক্ষক	৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : হেলপার বা স্কীল্ড অপারেটর বা টেকনিক্যাল এ্যাসিসটেন্ট পদে অন্যান্য ৫(পাঁচ) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত টেক্সটাইল ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে ডিপ্লোমা।
২৪।	এ্যাসিসটেন্ট ইনস্ট্রাক্টর	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত টেক্সটাইল ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে ডিপ্লোমা।
২৫।	হেড এ্যাসিসটেন্ট	-	পদোন্নতির মাধ্যমে।	উচ্চমান সহকারী, ক্যাশিয়ার, কেয়ার টেকার, উচ্চমান সহকারী কাম-হিসাবরক্ষক, অভিযন্তাকারী, সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, স্টোর কিপার বা কেয়ার টেকার বনাম স্টোর কীপার পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।

১	২	৩	৪	৫
২৬।	ফাঁট লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের ডিগ্রী; অথবা ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী।</p> <p>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং বাংলাদেশ সচিবালয় ক্যাডার বহির্ভূত (গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ (ব্যক্তিগত কর্মকর্তার ক্ষেত্রে প্রযোজ্য প্রয়োজনীয় যোগ্যতা অনুযায়ী)।</p>
২৭।	ড্রাফটসম্যান-১	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কোন স্বীকৃত টেকনিক্যাল ইনস্টিটিউট হইতে ড্রাফটসম্যান সীপ সনদপ্রাপ্ত।
২৮।	টেইলার মাস্টার	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট হইতে ড্রেস মেকিং সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ সহ ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
২৯।	একাউন্টেন্ট	৩০ বৎসর।	<p>(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে।</p> <p>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।</p>	<p>পদোন্নতির ক্ষেত্রে :</p> <p>ক্যাশিয়ার বা উচ্চমান সহকারী-কাম-হিসাবরক্ষক পদে অনূ্যন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ অফিসের হিসাব সংক্রান্ত কাজে অনূ্যন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।</p>

১	২	৩	৪	৫
৩০।	উচ্চমান সহকারী	৩০ বৎসর।	(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে। (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে : অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অনূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীস্নাতক ডিগ্রীসহ অফিসের কাজে অনূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান থাকিতে হইবে।</p>
৩১।	উচ্চমান সহকারী-কাম- হিসাব রক্ষক	৩০ বৎসর।	(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে। (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে : কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, হিসাব সহকারী, হিসাব সহকারী কাম-ক্যাশিয়ার পদে অনূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে ২য় শ্রেণীস্নাতক ডিগ্রীসহ অফিসের হিসাব সংক্রান্ত কাজে অনূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান থাকিতে হইবে।</p>
৩২।	সাঁট মুদ্রাক্ষরিক-কাম- কম্পিউটার অপারেটর	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	<p>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং (গ) বাংলাদেশ সচিবালয় ক্যাডার বহির্ভূত (গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ (ব্যক্তিগত কর্মকর্তার ক্ষেত্রে প্রযোজ্য প্রয়োজনীয় যোগ্যতা অনুযায়ী)।</p>

১	২	৩	৪	৫
৩৩। ক্যাশিয়ার	৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : হিসাব সহকারী , হিসাব সহকারী-কাম-ক্যাশিয়ার বা অফিস সহকারী -কাম-কম্পিউটার অপারেটর পদে অনূ্যন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী । সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন সরকারী , আধা-সরকারী, স্বায়ত্তশাসিত বা বেসরকারী সংস্থায় সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে ২য় শ্রেণীকৃত ডিগ্রী।	
৩৪। কেয়ার টেকার	৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অনূ্যন ৫ (পাঁচ) বৎসরে চাকুরী । সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীকৃত ডিগ্রী।	
৩৫। আর্টিস্ট ডিজাইনার	৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : আর্টিস্ট সহকারী পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে টেক্সটাইল টেকনোলজীতে ডিপ্লোমা। অথবা পলিটেকনিক বা ভোকেশনাল ইনস্টিটিউট হইতে মেকানিক্যাল ড্র়েড কোর্সসহ ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	
৩৬। রিসিপশনিস্ট	৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রেঃ অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, একাউন্টস এ্যাসিস্টেন্ট বা হিসাব সহকারী-কাম-ক্যাশিয়ার পদে অনূ্যন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃত ডিগ্রী।	

১	২	৩	৪	৫
৩৭।	স্টোর কিপার	৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অনূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অনূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
৩৮।	কেয়ার টেকার বনাম স্টোর কিপার	৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অনূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অনূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
৩৯।	অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক।	৩০ বৎসর।	ক) ৩০%) পদোন্নতির মাধ্যমে। খ) ৭০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে : (ক) ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ল্যাবরেটরী এ্যাসিস্ট্যান্ট বা ওয়ার্কম্যান লেবারার হিসাবে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী বা এম,এল,এস,এস হিসাবে ১০ (দশ) বৎসরের চাকুরী। (খ) স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং (গ) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০টি শব্দ ও ইংরেজীতে ২৮টি শব্দের গতি; এবং (ঘ) কম্পিউটার চালানোর দক্ষতা।

১	২	৩	৪	৫
				<p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;</p> <p>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত ;এবং</p> <p>(গ) বাংলাদেশ সচিবালয় ক্যাডার বহির্ভূত (গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ এর তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ (ব্যক্তিগত কর্মকর্তার ক্ষেত্রে প্রযোজ্য প্রয়োজনীয় যোগ্যতা অনুযায়ী) ।</p>
৪০। একাউন্টস এ্যাসিস্টেন্ট	অনূর্ধ্ব ৩০ বৎসর।	পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রেঃ</p> <p>অন্যন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ এম,এল,এস,এস পদে অন্যন ৫(পাঁচ) বৎসরের চাকুরী।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।</p>	
৪১। হিসাব সহকারী-কাম-ক্যাশিয়ার	অনূর্ধ্ব ৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।</p>	
৪২। লাইব্রেরিয়ান	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাশ।</p>	
৪৩। আর্টিস্ট এ্যাসিস্টেন্ট	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>অন্যন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং অংকন ও চারু কলায় পারদর্শিতাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ।</p>	

১	২	৩	৪	৫
৪৪।	হেলপার	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট হইতে ১ম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ।
৪৫।	স্কিল্ড অপারেটর	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট হইতে ১ম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ।
৪৬।	টেকনিক্যাল এ্যাসিস্ট্যান্ট	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট হইতে ১ম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ।
৪৭।	ইলেকট্রিশিয়ান	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট সমমানের পাশসহ কোন স্বীকৃত পলিটেকনিক বা ভোকেশনাল ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স পাশ ও ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ট্রেড সার্টিফিকেট এবং বৈধ ইলেকট্রিশিয়ান লাইসেন্সধারী।
৪৮।	ডুপ্লিকেটিং মেশিন অপারেটর	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং (খ) ডুপ্লিকেটিং মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
৪৯।	ল্যাবরেটরী এ্যাসিস্ট্যান্ট	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। অথবা টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ।
৫০।	ওয়ার্কম্যান লেবারার	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ।
৫১।	গাড়ী চালক	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	অষ্টম শ্রেণী উত্তীর্ণ এবং বৈধ লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনার অভিজ্ঞতা।

১	২	৩	৪	৫
৫২।	ম্যাকানিক্স	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	এসএসসি ভোকেশনাল ইনস্টিটিউট বা অন্য কোন ইনস্টিটিউট হইতে ম্যাকানিক্যাল ট্রেড পাশসহ ৫(পাঁচ) বাস্তব অভিজ্ঞতা।
৫৩।	এম,এল,এস,এস	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৫৪।	নৈশ প্রহরী কাম-দারওয়ান	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	৮ম শ্রেণী পাশ বা সমমান শিক্ষাগত যোগ্যতা। শারিরীকভাবে যোগ্যতা সম্পন্ন হইতে হইবে।
৫৫।	নৈশ প্রহরী	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	৮ম শ্রেণী পাশ অথবা সমমান শিক্ষাগত যোগ্যতা। শারিরীকভাবে যোগ্যতা সম্পন্ন হইতে হইবে।
৫৬।	কুক	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	রান্নার কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা সহ ৮ম শ্রেণী পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।
৫৭।	সহকারী পাঁচক	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	রান্নার কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা সহ ৮ম শ্রেণী পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।
৫৮।	মালি বনাম ঝাড়ুদার	৩০ বৎসর।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	৮ম শ্রেণী পাশ অথবা সমমান শিক্ষাগত যোগ্যতা। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আশরাফুল মকবুল
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web side: www.bgpress.gov.bd